

ফ্লোরাইড বার্নিশ: প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলী

ফ্লোরাইড বার্নিশ কী?

ফ্লোরাইড বার্নিশ হল একটি সুরক্ষাদায়ক প্রলেপ যা ক্যাভিটি প্রতিরোধ করতে সাহায্য করার জন্য দাঁতগুলির উপরে লাগানো হয়।

কেন ফ্লোরাইড বার্নিশ লাগানোর সুপারিশ করা হয়?

ক্যাভিটি যন্ত্রণা ও সংক্রমণ সৃষ্টি করতে পারে, যা খাওয়ার, কথা বলার, খেলার এবং শেখার সমস্যাগুলি তৈরি করতে পারে। ফ্লোরাইড বার্নিশ দাঁতকে মজবুত করে, ক্যাভিটির আরো অবনতি থামায় এবং নতুন ক্যাভিটি তৈরি হওয়া প্রতিরোধ করতে সাহায্য করে।

ফ্লোরাইড বার্নিশ কি নিরাপদ?

হ্যাঁ। ফ্লোরাইড বার্নিশ যে কোনো বয়সের জন্য নিরাপদ। এমনকি এটি বাচ্চাদের জন্য ব্যবহার করা হতে পারে যখন তাদের প্রথম দাঁত বের হয়। যদি ফ্লোরাইড বার্নিশ সম্পর্কে আপনার প্রশ্ন বা উদ্বেগ থাকে তাহলে আপনার ডাক্তার বা ডেন্টিস্টের সঙ্গে কথা বলুন। শিশুদের 1 বছর বয়স থেকে শুরু করে একজন ডেন্টিস্টকে দেখানো উচিত।


ফ্লোরাইড বার্নিশ কীভাবে লাগানো হয়?

একজন প্রশিক্ষিত ডেন্টিস্ট, ডেন্টাল হাইজিনিস্ট, ডাক্তার বা নার্সের দ্বারা একটি ব্রাশের সাহায্যে দাঁতের উপরে ফ্লোরাইড বার্নিশ রঙ করা হয়। এটি একটি দ্রুত ও সহজ প্রক্রিয়া, এবং কোনো যন্ত্রণা হয় না বা খারাপ স্বাদ লাগে না। বার্নিশটি দাঁতে আটকে থাকে এবং সাময়িকভাবে দাঁতকে হলদেটে বা কম চকচকে করে দিতে পারে। এই পরিবর্তনগুলি স্বাভাবিক এবং পরের দিন দাঁত মাজা হলে চলে যাবে।

ফ্লোরাইড বার্নিশ কতদিন টেকসই হয়?

ফ্লোরাইড বার্নিশ কয়েক মাস ধরে দাঁতগুলিকে সুরক্ষিত রাখে। প্রতি তিন বা ছয় মাস অন্তর পুনরায় লাগানো হলে এটি সবচেয়ে ভালভাবে কাজ করে।

একটি শিশুকে ফ্লোরাইড বার্নিশ লাগানো হচ্ছে



আমি কি ফ্লোরাইড বার্নিশ লাগানোর পরে স্বাভাবিকভাবে খেতে, পান করতে বা আমার দাঁত ব্রাশ করতে পারি?

পরের দিন দাঁত না মাজা পর্যন্ত অপেক্ষা করুন। সারাদিন গরম, শক্ত বা আঠালো খাবার এবং গরম পানীয় এড়ান। শক্ত বা চিবিয়ে খাওয়ার খাবারগুলি বার্নিশের চটা উঠিয়ে দিতে পারে।

ফ্লোরাইড বার্নিশ কি বিমার আওতাভুক্ত করা আছে?

Medicaid এবং Child Health Plus সহ, অধিকাংশ দাঁতের বিমা প্রদানকারীরা, ফ্লোরাইড বার্নিশ লাগানো আওতাভুক্ত করে। সরকারি স্বাস্থ্য বিমার জন্য সাইন আপ করা সম্পর্কে আরো তথ্য পেতে বা আপনার কাছাকাছি একটি কম-খরচে দন্ত পরিষেবা প্রদানকারীর সন্ধান পেতে 311 নম্বরে ফোন করুন।

মৌখিক স্বাস্থ্য সম্পর্কে আরো তথ্যের জন্য, nyc.gov দেখুন এবং সন্ধান করুন “teeth” (দাঁত)।